দৈনিক
ইত্তেফাক

তারিখ 24 AUG 2012
পৃষ্ঠা ৪ কলাম ৩

# মেডিক্যালে ভর্তি প্রক্রিয়া পরীক্ষার মাধ্যমে শুরুর নির্দেশনা চেয়ে হাইকোর্টে আবেদন

■ ইত্তেফাক রিপোর্ট

জিপিএ নয়, পরীক্ষার ভিত্তিতে ২০১২-২০১৩ সেশনে মেডিক্যাল ও ডেন্টাল কলেজগুলোতে অবিলম্বে ছাত্র-ছাত্রী ভর্তির প্রক্রিয়া শুরুর নির্দেশনা চেয়ে হাইকোর্টে আবেদন দায়ের করা হয়েছে। বিচারপতি কামরুল ইসলাম সিদ্দিকী ও বিচারপতি মো. আশরাফুল কামালকে নিয়ে গঠিত হাইকোর্টের অবকাশকালীন ডিভিশন বেঞ্চে আগামী রবিবার এ সম্পূরক আবেদনের ওপর শুনানি হতে পারে। সুপ্রিম কোর্টের আইনজীবী ড. ইউনুস আলী আকন্দ উপরোক্ত নির্দেশনা চেয়ে গতকাল বৃহস্পতিবার হাইকোর্টের সংশ্লিষ্ট বেঞ্চে আবেদনটি শুনানির জন্যে উত্থাপন করেন। আদালত আবেদনটি শুনানির জন্যে রবিবার কার্যতালিকায় অন্তর্ভুক্ত হবে বলে জানায়।

এর আগে গত ১৪ আগস্ট এই আবেদনকারীর এক রিট আবেদনের পরিপ্রেক্ষিতে হাইকোর্টের একটি ডিভিশন বেঞ্চ জিপিএর ভিত্তিতে চলতি শিক্ষাবর্ষে মেডিক্যাল ও ডেন্টালে ভর্তির সিদ্ধান্ত কেন অবৈধ ঘোষণা করা হবে না এই মর্মে রুল জারি করে।

গতকাল দায়েরকৃত সম্পূরক আবেদনে বলা হয়, ২০১০ সালে প্রণীত জাতীয় শিক্ষানীতির ২৩ অধ্যায়ের ১ নম্বর ধারায় বলা হয়েছে যে, উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফল প্রকাশের এক মাসের মধ্যে ভর্তি পরীক্ষার প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। সেই অনুযায়ী গত ১৮ জুলাই এইচএসসি পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে। পেরিয়ে গেছে এক মাস সময়। কিন্তু কর্তৃপক্ষ এখনো ভর্তি প্রক্রিয়াই শুরু করেনি, যা শিক্ষানীতির লংঘন। আবেদনে বলা হয়, গত ১২ আগস্ট স্বাস্থ্য মন্ত্রণালয় মৌখিকভাবে ঘোষণা দিয়েছে যে, পরীক্ষা নয় জিপিএ'র ভিত্তিতে এমবিবিএস ও বিডিএস কোর্সে শিক্ষার্থী ভর্তি করা হবে। কিন্তু এজন্য কোনো সার্কুলার জারি করা হয়নি। এই 'সিদ্ধান্তহীনতার' কারণেই মেধাবী শিক্ষার্থীরা ভবিষ্যতে সেশন জটে পড়বে। তাই শিক্ষাঙ্গনে সেশনজট মুক্ত পরিবেশ নিশ্চিত করতে অবিলম্বে ভর্তি পরীক্ষা শুরুর নির্দেশনা প্রদান করা দরকার।